ক্ষুদ্র কটেজ শিল্প বিষয়ক বিজিএমইএ’র স্থায়ী কমিটির চেয়ারম্যান মনোনীত হলেন শাহমিজ বকুল

মেহেরপুর সদর উপজেলার আমঝুপির কৃতি সন্তান শাহমিজ বকুল বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (BGMEA) ক্ষুদ্র কটেজ শির্প বিষয়ক স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান হিসেবে মনোনীত হয়েছেন।

বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের অন্যতম শীর্ষ সংগঠন বিজিএমইএর এই গুরুত্বপূর্ণ দায়িত্বে তাঁর মনোনয়নকে শিল্পখাতে দীর্ঘদিনের অভিজ্ঞতা, দক্ষ নেতৃত্ব এবং অবদানের স্বীকৃতি হিসেবে দেখা হচ্ছে।

সংশ্লিষ্টরা মনে করছেন, শাহমিজ বকুলের নেতৃত্বে দেশের ক্ষুদ্র ও কুটিরভিত্তিক পোশাক শিল্প আরও গতিশীল হবে। উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি, নতুন উদ্যোক্তা তৈরির উদ্যোগ গ্রহণ এবং কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টিতে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

একই সঙ্গে বাংলাদেশের পোশাক শিল্পের অগ্রযাত্রায় নতুন মাত্রা যুক্ত হবে বলেও প্রত্যাশা করা হচ্ছে।

শাহমিজ বকুলের এ অর্জনে আমঝুপিসহ মেহেরপুর জেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ আনন্দ ও গর্ব প্রকাশ করেছেন। তাঁরা তাঁর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং কর্মজীবনের উত্তরোত্তর সাফল্য কামনা করেছেন।

উল্লেখ্য, শাহমিজ বকুল ১৪ জুন ২০২৬ তারিখে বিজিএমইএর স্মল কটেজ ইন্ডাস্ট্রি স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান হিসেবে মনোনীত হন।